

## জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) অধীন প্রতিষ্ঠানসমূহে নবনিযুক্ত কর্মকর্তাদের ৫দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠান

ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ০৩ জানুয়ারি সকাল-১০.০০ ঘটিকায় জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) অধীন প্রতিষ্ঠানসমূহে নবনিযুক্ত কর্মকর্তাদের ৫দিন ব্যাপী ওরিয়েন্টেশন প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার এনডিসি'র সভাপতিত্বে উদ্বোধন অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী নবনিযুক্ত কর্মকর্তাদের স্বাগত ও অভিনন্দন জানান এবং তাদের স্ব-স্ব কর্মক্ষেত্রে অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করে জনগণের সেবা করে নিজেদের যোগ্যতার স্বাক্ষর জন্য আহ্বান করেন। তিনি আরও বলেন, সেবা ও কর্মতৎপরতার মাধ্যমেই জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো তথা এ মন্ত্রণালয়ের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করার মাধ্যমে রাষ্ট্র ও সমাজ উপকৃত হবে। জনগণের ট্যাক্সের অর্থে যে বেতন-ভাতা প্রদান করা হয় তার বিনিময়ে জনগণকে সেবা সেবা প্রদান করবেন যাতে তারা সেবা নিয়ে হাসি মুখে বাড়ি ফিরে যায়।

ওরিয়েন্টেশন প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশিক্ষণ) সুজায়েত উল্যা চাকুরী জীবনে প্রশিক্ষণের গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন। নবনিযুক্ত কর্মকর্তাদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা। তিনি বলেন, বিএমইটি'র অধীন বিভিন্ন অফিসে যে সকল মেধাবী কর্মকর্তা যোগদানে অভিবাসন ব্যবস্থাপনা সমৃদ্ধ হবে। ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার এনডিসি তার বক্তব্যে বলেন, অভিবাসন ব্যবস্থাপনা নিরাপদ হলে টেকসই উন্নয়ন হবেই। অভিবাসনে পিছিয়ে থাকা ৪২টি জেলার তরণ-তরণীদের প্রশিক্ষণ দিয়ে বিদেশ গমনে সহযোগিতা করার জন্য নবনিযুক্ত কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান। তিনি নবনিযুক্ত কর্মকর্তাদের উদ্দেশ্যে বাংলাদেশ সংবিধানের প্রজাতন্ত্রের কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে যে কথা বলা রয়েছে তা প্রত্যেকেই মেনে চলার জন্য অনুরোধ জানান। তিনি আরও বলেন, প্রজাতন্ত্রের কর্মচারী হওয়া সৌভাগ্যের বিষয়। তাই জনগণের সেবায় সর্বদা নিজেকে নিয়োজিত রাখতে হবে। ০৫ দিন ব্যাপী ওরিয়েন্টেশন ট্রেনিং প্রোগ্রামে নবনিযুক্ত ১৩ জন কর্মকর্তা অংশগ্রহণ করে। উদ্বোধনী অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোঃ মিজানুর রহমান।

